ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬০

খোয়াই, ২৫ এপ্রিল, ২০২৫

# খোয়াইয়ে জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন

খোয়াই জিলা পরিষদের উদ্যোগে আজ জেলা প্রশাসনের কনফারেন্স হলে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে পঞ্চায়েতীরাজ ব্যবস্থার সুফল নিয়ে আলোচনা করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় জেলার প্রত্যেকটি পঞ্চায়েতকে উন্নত পঞ্চায়েত হিসেবে গড়ে তোলার জন্য সবার প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে সেরা পারফরমেন্সের জন্য জেলার অন্তর্গত বিভিন্ন ব্লকের আধিকারিকদের হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে খোয়াই জিলা পরিষদের সহ সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সৌমেন গোপ প্রমুখ উপস্থিত ছিলেন।

*****